



প্রধান উপদেষ্টার সঙ্গে তারেক রহমানের সৌজন্য সাক্ষাৎ



সংগৃহীত ছবি

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। বৃহস্পতিবার সন্ধ্যায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এ বৈঠক অনুষ্ঠিত হয়।

সন্ধ্যা সাড়ে সাতটার দিকে তারেক রহমান পরিবারসহ যমুনায় পৌঁছান। তার সঙ্গে ছিলেন তার স্ত্রী ডা. জুবাইদা রহমান এবং কন্যা ব্যারিস্টার জাইমা রহমান।

এর আগে তিনি সন্ধ্যা ৬টা ৪২ মিনিটে গুলশানে বিএনপি চেয়ারম্যানের কার্যালয় থেকে বের হন। পাঁচ মিনিট পর নিজ বাসভবনে পৌঁছান এবং সেখানে কিছুক্ষণ অবস্থান করার পর সন্ধ্যা ৬টা ৫২ মিনিটে 'সবার আগে বাংলাদেশ' লেখা বাসে করে যমুনার উদ্দেশে রওনা দেন।

LENS ASIA